

## গাইবান্ধায় বিএড পরীক্ষা কেন্দ্রে ভাঙচুর, পরীক্ষক ছুরিকা হত

গাইবান্ধা থেকে নিজস্ব বার্তা পরিবেশক : গাইবান্ধায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে ভাঙচুর সকালে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিএড ৪র্থ ও ৫ম সেমিস্টার (বীজ প্রযুক্তি ও শিক্ষা মনোবিজ্ঞান) পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীরা নকল করতে না পারায় ক্ষিপ্ত হয়ে পরীক্ষা বর্জন, ভাঙচুর ও অধ্যক্ষের কক্ষে টেলিফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেয়। তারা অধ্যাপক আবু তালেব (৩৪)

নামে একজন এক্সটারনালকে মারধর ও ছুরিকাঘাতে আহত করে। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ জানান, ঢাকা থেকে প্রাকটিক্যাল পরীক্ষা গ্রহণের জন্য আগত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক আবু তালেব এক্সটারনাল পরীক্ষক : পৃঃ ২ কঃ ৪

### পরীক্ষক : ছুরিকা হত (১ম পৃষ্ঠার পর)

বিসেবে পরীক্ষা গ্রহণকালে নকল করতে বাধা দিলে পরীক্ষার্থীরা হঠাৎ বিক্রুদ্ধ হয়ে ওঠে। তারা আকস্মিকভাবে ওই এক্সটারনালের ওপর হামলা চালায়। বিক্রুদ্ধ পরীক্ষার্থীরা তাকে মারধরসহ ছুরিকাঘাতে আহত করে। পরে তারা অধ্যক্ষের কক্ষেও চড়াও হয়। কক্ষের চেয়ার টেবিল ভাঙচুর এবং টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে ফেলে। পরে বিক্রুদ্ধ পরীক্ষার্থীরা ৫ম সেমিস্টারের রচনামূলক ১শ' ৬০টি পরীক্ষার খাতা এবং ৪র্থ সেমিস্টারেরও বেশকিছু খাতা নিয়ে একযোগে পরীক্ষা বর্জন করে চলে যায়। পরীক্ষার্থীরা পরীক্ষার খাতা নিয়ে যাওয়ার ফলে আর পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি বলে অধ্যক্ষ জানান। পরে শব্দ পেয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আশরাফ হোসেন পুলিশ ফোর্স নিয়ে ঘটনা স্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পুলিশ প্রহরায় আহত আবু তালেবকে সমর আধুনিক হাসপাতালে চিকিৎসা দিয়ে ঢাকায় পাঠিয়ে দেয়া হয়। এ ব্যাপারে গাইবান্ধা থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এক্সটারনাল অধ্যাপক আবু তালেবের বাড়ি জামালপুর জেলার মান্দারগঞ্জ থানার খিলকাটি গ্রামে। এ ব্যাপারে পরীক্ষার্থীদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, এক্সটারনাল আবু তালেব এক মহিলা পরীক্ষার্থীসহ একাধিক পরীক্ষার্থীর সঙ্গে অশালীন আচরণ করায় তারা এর প্রতিবাসে পরীক্ষা বর্জন করেন।

উল্লেখ্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিএড পরীক্ষার এবার ৪র্থ সেমিস্টারে ১শ' এবং ৫ম সেমিস্টারে ১শ' ৬০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন।